



# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

কন্দাল ফসল গবেষণা কেন্দ্র

জয়দেবপুর, গাজীপুর-১৭০১

কৃষিই সমৃদ্ধি

অফিস ফোন: ০২-৪৯২৭০১৭৮

পিএবিএক্স নং: ৪৯২৭০০৪১-৮ ext. ৫৩২১

ই-মেইল : [dir.tcrc@bari.gov.bd](mailto:dir.tcrc@bari.gov.bd)

Web : [www.bari.gov.bd](http://www.bari.gov.bd)

স্মারক নং-১২.২১.০০০০.০২১.৩৮.০০১.১৯.১০৩৪

তারিখ: ১৮-১২-২০২৩ খ্রি.

পরিচালক  
গবেষণা উইং  
বিএআরআই, গাজীপুর।

**বিষয় : শৈত্যপ্রবাহ ও কুয়াশাহ্ন আবহাওয়ায় আলু চাষীদের করণীয় প্রসঙ্গে**

সূত্র : Deputy Director Mass Communication (DDMC) টেলিফোনিক ম্যাসেজ; তারিখ: ১৮-১২-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শৈত্যপ্রবাহ ও কুয়াশাহ্ন আবহাওয়ায় আলু চাষীদের করণীয় বিষয়াবলী প্রচারের জন্য পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, কৃষি মন্ত্রণালয়, খামারবাড়ি, ঢাকা বরাবর (ই-মেইলে: [dirais@ais.gov.bd](mailto:dirais@ais.gov.bd)) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

পরিচালক

ফোন: ৪৯২৭০১৭৮

ই-মেইল : [dir.tcrc@bari.gov.bd](mailto:dir.tcrc@bari.gov.bd)

অনুলিপি:

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, গাজীপুর
২. অফিস কপি।

## শৈত্যপ্রবাহ ও কুয়াশাছন্ন আবহাওয়ায় আলু চাষীদের করণীয়

শৈত্যপ্রবাহ, কুয়াশাছন্ন মেঘলা আকাশ ও গুড়ি গুড়ি বৃষ্টিপাত, আলু ফসলে লেইট ব্লাইট/মড়ক রোগ সংক্রামনের জন্য উপযোগী আবহাওয়া। এই রোগের আক্রমণে আলু ফসলের উৎপাদন মারাত্মক ভাবে ব্যহত হয়।


অতএব, উক্ত আবহাওয়ায় আলুর মড়ক রোগ নিয়ন্ত্রণে কৃষক ভাইদের করণীয় সম্পর্কে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই থেকে নিম্নলিখিত ব্যবস্থাপনা দেয়া হলো:

### রোগ হওয়ার পূর্বে করণীয়:


রোগের অনুকূল আবহাওয়ার পূর্বাভাস পাওয়া সাথে সাথে রোগ প্রতিরোধের জন্য ৭ দিন পর পর ম্যানকোজেব গুপের অনুমোদিত ছত্রাকনাশক যেমন-ডাইথেন এম-৪৫ বা ইন্ডোফিল এম-৪৫ বা পেনকোজেব ৮০ ডব্লিউপি প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করে গাছ ভালভাবে ভিজিয়ে দিতে হবে। অন্যথায় আক্রান্তের ২-৩ দিনের মধ্যেই এ রোগ মহামারী আকার ধারণ করতে পারে।

### রোগ হওয়ার পর করণীয়:

- নিজের বা পার্শ্ববর্তী কৃষকের জমিতে এ রোগ দেখা মাত্রই ৪/৫ দিন পর পর নিম্নবর্ণিত গুপের যে কোন অনুমোদিত ছত্রাকনাশক বা মিশ্রণ পর্যায়ক্রমে প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করে গাছ ভালভাবে ভিজিয়ে দিতে হবে।
- এক্রোবেট এমজেড (ম্যানকোজেব ৬০% + ডাইমেথোমর্ফ ৯%) অথবা
- জেমপ্রো ডিএম (এমিটোকট্র্যাডিন ৩০% + ডাইমেথোমর্ফ ২২.৫%)
- কার্জেট এম ৮ (ম্যানকোজেব ৬৪% + সাইমোক্সানিল ৮%) অথবা
- সিকিউর ৬০০ ডব্লিউজি (ম্যানকোজেব ৫০% + ফেনামিডন ১০%) অথবা
- মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি (প্রোপিনেব ৭০% + ইপ্রোভেলিকার্ব) ৪ গ্রাম + সিকিউর ৬০০ ডব্লিউজি ১ গ্রাম।
- এছাড়া আক্রান্ত জমিতে রোগ নিয়ন্ত্রণ না হওয়া পর্যন্ত সেচ প্রদান বন্ধ রাখতে হবে।

  
18/12/2023

মোঃ ইকবাল হোসেন  
উপস্থিত বৈজ্ঞানিক কর্মকর্তা  
কন্দাল ফসল গবেষণা কেন্দ্র  
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
পাজীপুর-১৭০১

  
18.12.2023  
Dr. Most. Marhuba Begum  
Principal Scientific Officer  
Tuber Crops Research Centre  
Bangladesh Agricultural Research Institute  
Inshajpur